বিনোদন ডেস্ক: সংযুক্ত আরব আমিরাতে বসবাসরত প্রবাসীদের এনআইডি কার্যক্রম হাতে নিয়েছে নির্বাচন কমিশন (ইসি)। এক্ষেত্রে মাঠ কর্মকর্তাদের তদন্ত প্রতিবেদন দ্রæত দেওয়ার নির্দেশ দিয়েছে সংস্থাটি। ইসি কর্মকর্তারা জানিয়েছেন, স¤প্রতি অনুষ্ঠিত অনলাইন বৈঠকে এমন নির্দেশনা দিয়েছেন এনআইডি মহাপরিচালক একেএম হুমায়ুন কবীর। মাঠ পর্যায়ে পাঠানো এক লিখিত নির্দেশনায় বলা হয়েছে, সংযুক্ত আরব আমিরাতে বসবাসরত প্রবাসী বাংলাদেশি নাগরিকদের নবিন্ধন কার্যক্রম চলমান রয়েছে। যেসব প্রবাসীর বায়োমেট্রিক কার্যক্রম সম্পন্ন করা হয়েছে তাদের ভোটার ফরম ও সংযুক্ত দলিলাদি প্রিন্ট করে উপজেলা/থানা/রেজিস্ট্রেশন কর্মকর্তারা সরেজমিনে তদন্ত পূর্বক তা সিএমএস পোর্টালের মাধ্যমে আপলোড করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছিল। কিন্তু এ পর্যন্ত সংযুক্ত আরব আমিরাত থেকে ১ হাজার ৬৮৬ জন ভোটারের বায়োমেট্রিক গ্রহণ করে তা সংশ্লিষ্ট উপজেলা/থানা পর্যায়ে তদন্তের জন্য সিএমএস পোর্টালের মাধ্যমে পাঠানো হয়েছে। এরমধ্যে মাত্র ২৫২ জনের তদন্ত রিপোর্ট পাওয়া গিয়েছে। তদন্ত রিপোর্ট দ্রæত দিতে মহাপরিচালক নির্দেশনা দিয়েছেন। স¤প্রতি নির্বাচন কমিশনার মো. আহসান হাবিব খান সংযুক্ত আরব আমিরাতে গিয়ে প্রবাসী বাংলাদেশিদের হাতে এনআইডি তুলে দিয়ে কার্যক্রমটির উদ্বোধন করেন। দেশটিতে এই কার্যক্রম সফল হলে পরবর্তীতে আরও ৪০টি দেশের প্রবাসীকে এই সেবা দিতে চায় ইসি।